# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৬৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৬৮]

পর্ব-১৪: জুমু'আহ্ (إِيجَابُ الْجُمُعَةِ)

পরিচ্ছেদঃ ১: জুমু'আর সালাত ফরয হওয়া

## كِتَاب الْجُمْعَةِ إِيجَابُ الْجُمْعَةِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ، قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ أَبِي الزِّنَادِ، عَنِ الْأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ. ح وَابْنُ طَاوُسٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: نَحْنُ الْآخِرُونَ السَّابِقُونَ بَيْدَ أَنَّهُمْ أُوتُوا الْكِتَابَ مِنْ قَبْلِنَا وَأُوتِينَاهُ مِنْ بَعْدِهِمْ، وَهَذَا الْيَوْمُ الَّذِي كَتَبَ اللَّهُ عَزَّ وَجَلَّ عَلَيْهِمْ فَاخْتَلَفُوا فِيهِ فَهَدَانَا اللَّهُ عَزَّ وَجَلَّ لَهُ، يَعْنِي يَوْمَ الْجُمُعَةِ فَالنَّاسُ لَنَا فِيهِ تَبَعٌ الْيَهُودُ غَدًا وَالنَّصَارَى بَعْدَ غَدٍ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الجمعة ١٢ (٨٩٦)، أحاديث الأنبياء ٥٤ (٣٤٨٦)، صحيح مسلم/الجمعة ٦ (٨٥٥)، (تحفة الأشراف: ١٣٥٢٢، ١٣٦٨٣)، مسند احمد ٢/ ٢٤٩، ٢٧٤، ٣٤١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1368 ـ صحيح

বাংলা

১৩৬৭. সাঈদ ইবনু আবদুর রহমান আল মাখযুমী (রহ.) ..... আবূ হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বললেন, রসূলুল্লাহ (সা.) বলেছেন: আমরা হলাম দুনিয়াতে পশ্চাৎবর্তি এবং আখিরাতে হব অগ্রবর্তী। তবে এতটুকু ব্যতিক্রম যে, আমাদের আগে তাদের কিতাব দেয়া হয়েছিল এবং আমাদেরকে তাদের পরে কিতাব দেয়া হয়েছে। এ জুমু'আর দিন, যে দিনের সম্মান করা আল্লাহ তা'আলা তাদের ওপর ফরয করেছিলেন, তারা তাতে মতানৈক্য সৃষ্টি করেছিল। অতঃপর আল্লাহ তা'আলা আমাদের সেদিন অর্থাৎ জুমু'আর দিন সম্পর্কে সঠিক পথ দেখালেন। অতএব সে দিনের ব্যাপারে অন্যান্য মানুষ হবে আমাদের অনুসারী। ইয়াহূদীরা আগামীকাল (শনিবার) এবং নাসারারা এর পরবর্তী দিন (রবিবার) সম্মান করবে।

## English

The Obligation of Jumu'ah

It was narrated that Abu Hurairah said: The Messenger of Allah (ﷺ) said: 'We are the last (to come) but will be the foremost on the Day of Resurrection, but they were given the Book before us and we were given it after them. They differed concerning this day which Allah (SWT), the Mighty and Sublime, had prescribed for them and Allah (SWT), the Mighty and Sublime, guided us to --meaning Friday-- so the people follow us, the Jews the next day and the Christians the day after that.'

### ফুটনোট

সহীহ: বুখারী ৭৯৭, মুসলিম (২/১৯/৮৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89863

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন